# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 26 May, 2025

নোয়াখালীর হাতিয়ার মেঘনা নদীতে জেলের জালে ২৫ কেজি ওজনের একটি কোরাল মাছ ধরা পড়েছে।পরে মাছটি ২৬ হাজার ৫০০টাকায় কিনেছেন এক আড়তদার।

রোববার (২৫ মে) সন্ধ্যার দিকে উপজেলার চরবগুলা ঘাটে মাছটি বিক্রি করা হয়।এর আগে, একই দিন বিকেলে উপজেলার চরকিং চরবগুলা গ্রামের আশ্রাফ মাঝির জালে মাছটি ধরা পড়ে।এ সময় মাছটি দেখতে সাধারণ মানুষের ভিড় জমে যায়।

জানা যায়, বিকেলের দিকে স্থানীয় আশ্রাফ মাঝির জালে একটি বড় কোরাল ধরা পড়ে।পরে মাছটি চরবগুলা ঘাটের মৎস্য আড়তে মনির মেম্বারের দোকানে আনা হয়।পরে তিনি প্রতি কেজি ১ হাজার ৬০ টাকা হিসেবে ২৬ হাজার ৫০০ টাকায় কিনে নেন।

আশ্রাফ মাঝি বলেন, জেলেদের নিয়ে আমি বিকেলে মেঘনায় মাছ ধরতে যাই।সেখানে আগে থেকে নদীতে পাতানো জাল তুলতে গিয়ে জালে কোনো বড় মাছ আটকা পড়েছে টের পাই।জাল তুলতেই কোরাল মাছটি দেখতে পাই।পরে মাছটি তীরে নিয়ে আসি।মাছটি মনির মেম্বারের মৎস্য আড়তে ২৬ হাজার ৫০০ টাকায় বিক্রি করি।মাছটির ওজন ২৫কেজি।

নোয়াখালী মেঘনা মাছ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:10

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/2945629309